

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১০.২০১৪-৩৩৩

তারিখঃ ২৬.০৫.২০১৪


আদেশ

যেহেতু, ডাঃ পবিনা আফরোজ পারভীন (১১১৩৮৯), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশ নরসিংদী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণ এর দায়ে ২৯.০৪.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০১০.২০১৪-৩৪৮নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৯.০৫.২০১৪ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, গত ২৯.০১.২০১৪ তারিখ তিনি শারীরিকভাবে ভীষণ অসুস্থ বোধ করায় অফিসে আসতে পারেননি এবং ইহা তার উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করেন। ৩০.০১.২০১৪ তারিখ ইওসি কার্যক্রমে অংশ গ্রহণ শেষে অফিস কক্ষে এসে পরিদর্শন টিমের সাথে সাক্ষাৎ করেন এবং পরিদর্শন টিম তাঁর ইওসি কার্যক্রমের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। সংশ্লিষ্ট সিভিল সার্জনও তাঁকে দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে প্রত্যয়ন করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ পবিনা আফরোজ পারভীন (১১১৩৮৯), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশ নরসিংদী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক ভবিষ্যতে কর্মস্থলে উপস্থিতির বিষয়ে সতর্ক করতঃ বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।



(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১০.২০১৪-৩৩৩/১ (২)

তারিখঃ ২৬.০৫.২০১৪

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সিভিল সার্জন, নরসিংদী
- ৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পলাশ, নরসিংদী
- ৯। ডাঃ পবিনা আফরোজ পারভীন (১১১৩৮৯), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশ, নরসিংদী


(এম. কে. হাসান মোর্শেদ)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২০.২০১৩- ৩১৬

তারিখঃ ১০.২.২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ অতীন কুমার সাহা (৪১১১২), সহকারী অধ্যাপক, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা-এর বিরুদ্ধে বিনানুমতিতে ২০.০৪.২০১৩ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকার দায়ে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২১.১০.২০১৩ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১২০.২০১৩-৮৯৫নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

ডাঃ অতীন কুমার সাহা (৪১১১২)

সহকারী অধ্যাপক

ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা

(স্থায়ী ঠিকানা- পিতা-মৃত অতুল চন্দ্র সাহা, গ্রাম+ডাক-সেনগ্রাম, থানা-কুমারখালী, জেলা-কুষ্টিয়া)


(বর্তমান ঠিকানাঃ-১/৪ গির্দা উর্দু রোড, বকশী বাজার, ঢাকা)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১২০.২০১৩- ৩১৬(৩)

তারিখঃ ১০.২.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)


(এম. কে. হাসান মোশেদ)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৪-৬০৭

আদেশ

তারিখঃ ২৬/০৫.২০১৪ খ্রিস্টাব্দ

যেহেতু, ডাঃ মোঃ আবুল কালাম আজাদ (৪৩৩৩৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৫.০২.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৪-১৬৫ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৫.০৫.২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, তিনি এমএস (চক্ষু) কোর্সে ধারাবাহিকতা রক্ষার্থে বিনাবেতনে ছুটির আবেদন করেছিলেন। ধারাবাহিকভাবে শেষ পর্ব কোর্স সম্পন্ন না করলে তার ১ম ও ২য় পর্বের কোর্সসমূহ মূল্যহীন তথা বাতিল হয়ে পড়ত। তিনি এমএস (চক্ষু) শেষ পর্ব কোর্সে থাকাকালীন সময়ে জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে একজন রেসিডেন্ট চিকিৎসক হিসাবে দায়িত্ব পালন করেছেন এবং পড়াশুনার পাশাপাশি হাসপাতালের বহিঃবিভাগে ও অন্তঃবিভাগে আগত রোগীদের চিকিৎসা সেবা প্রদান করেছেন। তিনি গত ০২ বছর তিনি কোন ধরনের বেতন ভাতা উত্তোলন করেননি;

এক্ষেণে, সেহেতু, ডাঃ মোঃ আবুল কালাম আজাদ (৪৩৩৩৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৪-

৬০৭।১(২)

তারিখঃ ২৬/০৫.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। সিনিয়র সহকারী সচিব (চিশি-২), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। ডাঃ মোঃ আবুল কালাম আজাদ (৪৩৩৩৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ গ্রাম-চরখালী, ডাকঘর-চরখালী, হেটালিয়া, পিরোজপুর)

(এম. কে. হাসান মোশেদ)
সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৭.২০১৩-

৪২৬

আদেশ


তারিখঃ ১৫.০৫.২০১৪ খ্রিস্টাব্দ

যেহেতু, ডাঃ মোঃ সাইফুল ইসলাম (৩৬৪৮৯), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ২৫.০২.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৪.২০১৩-১৬৭ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৫.০৫.২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, তিনি Medical Law and Ethics ও Right and Privileges অনুযায়ী প্রাইভেট চেম্বারের রোগীর ব্যবস্থাপত্রে রোগী দেখার ক্ষেত্রে এবং বিভিন্ন ধরনের মেডিকেল সনদপত্র প্রদানের ক্ষেত্রে তার পূর্বতন পদবী ব্যবহার করেছেন। সরকারী কোন কাজে তিনি পূর্বতন পদবী ব্যবহার করেননি। তিনি Late fee দিয়ে গত ০৭.০৭.২০১৩ তারিখে তার বিএমডিসি রেজিস্ট্রেশন নবায়ন করেছেন। তিনি আগামী ০৫.১১.২০১৪ তারিখ পিআরএল-এ গমন করবেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ সাইফুল ইসলাম (৩৬৪৮৯), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে অনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা


নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৪.২০১৩-

৪২৬/১৫

তারিখঃ ১৫.০৫.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। তত্ত্বাবধায়ক, ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতাল, ফরিদপুর
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। ডাঃ মোঃ সাইফুল ইসলাম (৩৬৪৮৯), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (যোগাযোগ ঠিকানাঃ- নিরাদা, ৩০০/৩, তল্লাবাগ, শেরে-ই-বাংলা রোড, রায়ের বাজার, ঢাকা)


(এম. কে. হাসান মোর্শেদ)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা

www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.২০০.২০১৩-

৪২৭

আদেশ


তারিখঃ ২১.০৫.২০১৪ খ্রিস্টাব্দ

যেহেতু, ডাঃ উজ্জল মিত্র (৪৩৯৫২), সহকারী অধ্যাপক (চঃদাঃ), নিউনেটলজি, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ১৬.০১.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.২০০.২০১৩-২৬নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৪.০৫.২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি দীর্ঘদিন যাবত অসুস্থ। তার মেবুদন্ডে দুবার অপারেশন করা হয়েছে তিনি দীর্ঘদিন দেশের বিভিন্ন হাসপাতালে চিকিৎসাসহীন ছিলেন এবং শারীরিক অসুস্থতার কারণে কর্মস্থলে উপস্থিত হতে পারেননি। শারীরিক অসুস্থতার স্বপক্ষে তিনি ডাক্তারী সনদ ও কাগজপত্র উপস্থাপন করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ উজ্জল মিত্র (৪৩৯৫২), সহকারী অধ্যাপক (চঃদাঃ), নিউনেটলজি, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তাঁকে অবিলম্বে চট্টগ্রাম মেডিকেল কলেজ যোগদানের জন্য বলা হল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা


নং-৪৫.১৫০.০২৭.০১.০০.২০০.২০১৩-

৪২৭/২(২২)

তারিখঃ ২১.০৫.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। অধ্যক্ষ, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম
- ৪। উপ-সচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ৭। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৯। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। ডাঃ উজ্জল মিত্র (৪৩৯৫২), সহকারী অধ্যাপক (চঃদাঃ), নিউনেটলজি, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম


(এম. কে. হাসান মোর্শেদ)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd